ইত্তেফাক



তারিখ 27|12|80
পৃষ্ঠা

# অনশনরত শিক্ষকদের অবস্থার অবনতি॥ আরও ১৬ জন অসুস্থ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শনিবার) রাত্রি সাড়ে ১০টায় প্রাথমিক শিক্ষকদের অনশনের প্রায় ৫৫ ঘণ্টা অতিক্রান্ত হইয়াছে। উক্ত সময় পর্যন্ত সর্বমোট [illegible]৫ জন অনশনরত শিক্ষককে অসুস্থাবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। গতকাল আরও ১৬ জন অনশনরত শিক্ষক অসুস্থ হইয়া পড়িলে তাঁহাদের শহীদ মিনার চত্বরেই চিকিৎসা করা হয়। অনশনরত শিক্ষকগণ অসুস্থতা বোধ করিবার পরেও শহীদ মিনার চত্বর ত্যাগ করিয়া চিকিৎসার জন্য যাইতে রাজী হইতে চাহেন নাই।

গতকাল পর্যন্ত সংশ্লিষ্ট সরকারী মহলের সহিত প্রাথমিক শিক্ষক সমিতির কর্মকর্তাদের সহিত কোন আলোচনা বা বৈঠক হয় নাই। এ ব্যাপারে আলোচনার জন্য গতকাল পর্যন্ত কোন প্রকার উদ্যোগও গ্রহণ করা হয় নাই। গতকাল বিকাল হইতে শুরু করিয়া গভীর রাত্রি পর্যন্ত সমিতির কর্মকর্তাদের সহিত ছাত্রনেতৃবৃন্দ, শ্রমিক নেতৃবৃন্দ ও রাজনৈতিকবৃন্দের সহিত পৃথক পৃথক বৈঠক চলে।

ছাত্রনেতৃবৃন্দের সহিত বৈঠকে আগামী ৩০শে ডিসেম্বর সারা দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আরও ১৬ জন অসুস্থ

(১ম পৃঃ পর)

ধর্মঘট ও বিক্ষোভ প্রদর্শনের সিদ্ধান্ত নেওয়া হয়। পরবর্তী সিদ্ধান্তের উদ্দেশ্যে ২৮শে ডিসেম্বর সকাল ৯টায় ছাত্র নেতৃবৃন্দ পুনরায় সভায় মিলিত হইবেন। শ্রমিক নেতৃবৃন্দের সহিত সভা আজ (রবিবার) বিকাল ৫টায় ও রাজনৈতিক নেতৃবৃন্দের সহিত সভা বিকাল ৬টায় পুনরায় অধ্যাপক আবুল কালাম আজাদের বাসভবনে অনুষ্ঠিত হইবে।

ডেমোক্রেটিক লীগের পক্ষ হইতে অনশনরত প্রাথমিক শিক্ষকদের জন্য গতকাল (শনিবার) ৫০টি কম্বল প্রদান করা হইয়াছে।

গণতান্ত্রিক পার্টির চেয়ারম্যান জনাব নূরুল হুদা মির্জা, বাংলাদেশের সাম্যবাদী দলের চেয়ারম্যান জনাব মোহাম্মদ তোয়াহা ও সাধারণ সম্পাদক অধ্যাপক ইয়াকুব আলী, পিপলস লীগের চেয়ারম্যান এডভোকেট গরীব নেওয়াজ, কৃষক লীগের সাধারণ সম্পাদক জনাব রহমত আলী, বাংলাদেশ লেবার পার্টির অস্থায়ী সভাপতি মওলানা গোলাম মোস্তফা খান গতকাল (শনিবার) ভিন্ন ভিন্ন বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের ৩ দফা দাবী মানিয়া নেওয়ার দাবী জানান।

বাংলাদেশ বিপ্লবী ছাত্র ইউনিয়নের প্রচার সম্পাদক জনাব হাফিজুল ইসলাম বাচ্চু ও কেন্দ্রীয় কমিটির সদস্য জনাব জহিরউদ্দিন স্বপন গতকাল বিকাল ৩টা হইতে শিক্ষকদের সহিত একাত্মতা প্রকাশ করিয়া আমরণ অনশন শুরু করিয়াছেন।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আহমদ হোসেন গতকাল (শনিবার) এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষক ধর্মঘট ও অনশনে উদ্বেগ প্রকাশ করিয়াছেন। তিনি অবিলম্বে তিনদফা দাবী মানিয়া নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জনান।

বাংলাদেশ ইসলামিক ছাত্রশিবিরের সভাপতি জনাব এনামুল হক ও সেক্রেটারী জেনারেল জনাব সাইফুল আলম খান দেশের শিক্ষা পরিস্থিতিকে মারাত্মক সংকটের হাত হইতে রক্ষা করার জন্য প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানান।